

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 18 May, 2025

চট্টগ্রামের সীতাকুণ্ডে বন্ধুর সাথে সমুদ্রে গোসলে নেমে স্রোতের টানে সিফাত (১৭) নামে এক কিশোর সাগরে তলিয়ে যাওয়ার এর ১৮ ঘন্টা পর মরদেহ উদ্ধার হয়েছে।

শনিবার (১৭ মে) বিকাল ৪টার দিকে উপজেলার বাঁশবাড়িয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া ফেরিঘাট এলাকায় সমুদ্রে গোসলে নেমে নিখোঁজ হয়। এরপর কুমিরা ফায়ার সার্ভিস এবং আগ্রাবাদ ফায়ার সার্ভিসের ডুবুরি দল ঘটনাস্থলে গিয়ে নিখোঁজ কিশোরের উদ্ধারে অভিযান চালালেও লাশের সন্ধান পায়নি।

নিহত সিফাত কক্সবাজার জেলার উখিয়া থানার ছেফট আলী এলাকার আমান উল্ল্যার পুত্র। সে সড়ক সংস্কার কাজের শ্রমিক।

নিখোঁজ সিফাতের বন্ধু সড়ক সংস্কার কাজের নির্মাণ শ্রমিক মোবারক জানান, শনিবার তারা সড়কের কাজ করেননি। বিকাল ৪টায় দুই বন্ধু বাঁশবাড়িয়া ফেরিঘাট সংলগ্ন বঙ্গোপসাগরের সন্দীপ চ্যানেলে গোসল করতে নামেন। এই সময় সিফাত সাঁতরে সাগরে থাকা ফেরিতে যাওয়ার চেষ্টা করেন। কিন্তু কিছুদূর যাওয়ার পর তীব্র স্রোতের মুখে পড়েন সিফাত। এই সময় তাকে বাঁচানোর আকুতি জানানোর পাশাপাশি রশি নিয়ে আসতে অনুরোধ জানান। মোবারক দৌড়ে উপরে উঠে রশি নিয়ে ফের সাগরে ঝাঁপিয়ে পড়েন। ততক্ষণে স্রোতের টানে সাগরে তলিয়ে যান সিফাত।

এ ঘটনার পর তাকে উদ্ধারে ফেরি ঘাটে থাকা লোকজনের কাছে সে সহায়তা চান। এ সময়

উপস্থিত লোকজন সমুদ্রে তলিয়ে যাওয়া সিফাতকে উদ্ধারে ব্যাপক চেষ্টা করেন। কিন্তু তার খোঁজ না পেয়ে পড়ে তারা বিষয়টি নৌ পুলিশ ও কুমিরা ফায়ার সার্ভিসকে জানান।

রবিবার ভোর থেকে ডুবুরি টিম উদ্ধার কার্যক্রম পরিচালনা করে। সকাল ১০টার সময় ওই কিশোরের মরদেহ ডুবে যাওয়ার স্থান থেকে প্রায় ৩০ মিটার দূরে সাগরে ভেসে উঠে।

কুমিরা ফায়ার সার্ভিসের স্টেশন ইনচার্জ মোঃ ফিরোজ মিয়া বলেন, নিখোঁজ কিশোরের সন্ধানে শনিবার রাত পর্যন্ত অভিযান চালানো হয়। রবিবার সকাল ১০টার সময় মরদেহ উদ্ধার করা হয়। মরদেহ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মরদেহ উদ্ধার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:36

URL: <https://timestodaybd.com/chittagong/2648775807>